বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল ,বাণিজ্যিক এলাকা
ঢাকা- ১০০০

ফোনঃ৯৫৫০৫০৫
পিএবিএক্সঃ৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫/২২৯
email:dgmicd@krishibank.org.bd

## অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

প্রকাঃঅনিবি- প্রশা- ৩৯/২০১৭- ২০১৮/৩৭(১২৭)

তারিখঃ ১৮- ০৭- ২০১৭খ্রিঃ

০১। সকল মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়

০২। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়

০৩। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়

০৪। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ ব্যাংকের পরিচালনা পর্ষদের অডিট কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ঝুঁকি ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন ও পরিপালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ১৯-১১-২০১৫ তারিখের অনিবি/প্রশা-৪৪/২০১৫-২০১৬/৩৩৮(১৩৩) নং, ২৪-০৫-১৬ তারিখের ডিএমডি - ২/পরিপত্র নং-১/২০১৬ নং এবং ০৮-০২-১৭ তারিখের ৭১১(১২৭) নং পত্রের প্রতি দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। উল্লেখিত ১৯-১১-২০১৫ তারিখের ৩৩৮(১৩৩) নং পত্রের প্রেক্ষিতে প্রধান কার্যালয় হতে মাঠ পর্যায়ে বিদ্যমান ব্যবস্থা ও ব্যবস্থাপনাকে আরো লাগসই, অনুশীলনগ্রাহ্য ও জবাবদিহিমূলক করার লক্ষ্যে নিয়মিত ও ধারাবাহিক মনিটরিং অধিকতর জোরদার করার লক্ষ্যে "অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন" (ICC) এর একটি পৃথক সাংগঠনিক কাঠামো গঠন করা হয়েছে।

০৩। ব্যাংকে সংগঠিত বিভিন্ন অনিয়ম সংক্রান্ত কার্যপত্র ২৮-০৪-২০১৬ তারিখে অনুষ্ঠিত অডিট কমিটির ৩৩তম সভায় উপস্থাপনের প্রেক্ষিতে অডিট কমিটির প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ বিগত ২৪-০৫-২০১৬ তারিখে ডিএমডি পরিপত্র ০১/২০১৬ জারী করে। "ভবিষ্যতে যাতে কোন ধরনের অনিয়ম না ঘটে তার জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক মনিটরিং অব্যাহত রাখতে হবে।" মর্মে অডিট কমিটির ৩৮তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ০৮-০২-১৭ তারিখের ৭১১(১২৭) নং পত্রের মাধ্যমে ২৪-০৫-২০১৬ তারিখে জারীকৃত ডিএমডি পরিপত্র নং-০১/১৬ যথাযথভাবে কার্যকর ও পরিপালন করা হচ্ছে কিনা তার মনিটরিং জোরদার এবং এ বিষয়টি কঠোর নজরদারিত্বে রাখার জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের আওতায় গঠিত ৩টি ইউনিটকে সক্রিয় করার জন্য এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের আওতায় গঠিত পরিপালন ইউনিট, মনিটরিং ইউনিট, নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট এর যথাযথ কার্যকারীতা ও তৎপরতার নিবিড় তত্ত্বাবধান ও পরিধারণের জন্য আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করা হয়েছে।

০৪। ১৮-০৬-১৭ তারিখে অনুষ্ঠিত ৪১তম অডিট কমিটির সভায় ৩৮তম অডিট কমিটির সভার পূর্বোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করা হলে অডিট কমিটি নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেনঃ

প্রদত্ত সিদ্ধান্তঃ

"১। সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক প্রদত্ত জবাব সন্তোষজনক হয়নি। তাছাড়া ব্যাংকে ভবিষ্যতে যাতে কোন ধরনের অনিয়ম না ঘটে তার জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক যে সকল ব্যবস্থা নেয়া হয়েছে তাও সন্তোষজনক নয়।"

"২। কেবলমাত্র পত্র প্রেরণ করলেই হবে না, পত্রে প্রদত্ত নির্দেশনাসমূহ পরিপালন হচ্ছে কি না তাও ফলোআপ করতে হবে। অগ্রগতি পরবর্তি সভায় জানাতে হবে।"

০৫। এমতাবস্থায় ৩৮ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৪-০৫-২০১৬ তারিখে জারীকৃত ডিএমডি পরিপত্র নং-০১/১৬ এবং ০৮-০২-১৭ তারিখের ৭১১(১২৭) নং পত্র যথাযথভাবে কার্যকর ও পরিপালন করার এবং এ বিষয়টি কঠোর নজরদারিত্বে রাখার জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের আওতায় গঠিত ৩টি ইউনিটকে সক্রিয় করার নিমিত্তে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা ১৮-০৭-১৭ তারিখের মধ্যে অত্র বিভাগকে জানানোর জন্য এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের আওতায় গঠিত পরিপালন ইউনিট, মনিটরিং ইউনিট, নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট এর যথাযথ কার্যকারীতা ও তৎপরতার নিবিড় তত্ত্বাবধান ও পরিধারণের জন্য আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

১৮/৭/২০১৭

(লুৎফুন নাহার নাজ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।( যোগদান পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।